# সবসময় কানেক্টেড
# মোবাইল ইন্টারনেট দক্ষতা প্রশিক্ষণ টুলকিট

মোবাইল ইন্টারনেট দক্ষতা প্রশিক্ষণ টুলকিট
মোবাইল ইন্টারনেটের মৌলিক দক্ষতায় প্রশিক্ষণের জন্য একটি নির্দেশিকা



স্বত্বাধিকার © 2018 GSM Association

# মডিউল 3
# YouTube


# 3 -

# be

# গভীরে
# প্রশিক্ষ

# শেখার উদ্দেশ্য


- প্রশিক্ষনার্থীরা জানতে পারবে যে, ভিডিও ও গান অ্যাক্সেস করার জন্য কিভাবে YouTube ব্যবহার করা যেতে পারে
- প্রশিক্ষনার্থীরা উপলব্ধ বিষয়বস্তুর ব্যাপ্তি বুঝতে পারবে এবং YouTube-এর প্রাসঙ্গিক বিষয়বস্তু ব্যবহার করার ব্যাপারে উৎসাহিত ও অনুপ্রাণিত হয়ে উঠবে





**সময় সীমা:**
45-60 মিনিট

**মনে রাখবেন:** ইন্টারনেট সংযোগের সমস্যার কারণে সব জায়গায় YouTube উপলব্ধ নাও হতে পারে। এই ক্ষেত্রে আমরা সুপারিশ করব YouTube মডিউলটি ব্যবহার না করতে অথবা কম ডেটা প্রয়োজন হয় এমন অন্য কোন অডিও/ভিজ্যুয়াল অ্যাপ্লিকেশন ব্যবহার করতে।
বিকল্প হিসেবে, আপনি ফোনে YouTube-এর অ্যাকাউন্ট সেটিংস পরিবর্তন করতে পারেন, যাতে এটি কম ব্যান্ডউইডেথ ভিডিওগুলি চালায়। এছাড়াও আপনি ভিডিওর নীচে থাকা আইকনে ক্লিক করে অফলাইনে চালানোর জন্য YouTube ভিডিওগুলি ডাউনলোড করতে পারেন।


# আপনার যে সব জিনিস প্রয়োজন হবে:




কাগজ, কলম ও আঠালো টেপ




স্মার্টফোন হ্যান্ডসেট্




ছোট পুরস্কার




YouTube পোস্টার x 1




শব্দকোষ হ্যান্ডআউট




খরচের পোস্টার



সুরক্ষা সংক্রান্ত পরামর্শ



আইকন কাট-আউট

# YouTube-এর সাথে পরিচয়

## প্রশিক্ষনার্থীদেরকে YouTube আইকন দেখান এবং তাদেরকে খুঁজে বের করতে বলুন তা ফোনে কোথায় রয়েছে

**জিজ্ঞাসা করুন** "কেউ কি জানে যে, এটি কি?" "এটি কিসের জন্য?"

## YouTube-এর একটি সংক্ষিপ্ত ব্যাখ্যা দিন

- "YouTube-এর মাধ্যমে আপনি টিভির মত ভিডিও দেখতে পারেন, তবে আপনাকে অনেক বেশি সংখ্যক ভিডিওর মধ্যে থেকে বেছে নিতে হবে এবং আপনি এও বেছে নিতে পারেন যে, আপনি কোন ভিডিওগুলি দেখতে চাইছেন এবং কখন সেগুলি দেখবেন"
- "আপনি YouTube-কে জানান যে, আপনি কি ধরণের ভিডিও দেখতে চাইছেন এবং এটি আপনার কাঙ্খিত ধরণের ভিডিও খোঁজার জন্য YouTube-এ মানুষের দেওয়া সমস্ত ভিডিও সন্ধান করবে"
- "আপনি প্রচুর সংখ্যায় বিভিন্ন রকমের ভিডিও দেখতে পারেন; সিনেমা, গান, খবর, খেলা, রান্নার প্রণালী ও শিক্ষাগত ভিডিওগুলি। এছাড়াও প্রচুর সংখ্যায় 'কিভাবে করবেন' ভিডিওগুলি রয়েছে, যেমন, কিভাবে একটি ভাষা শিখবেন, কিভাবে একটি পদ রান্না করবেন, কিভাবে একটি বাইসাইকেলের টায়ার ঠিক করবেন এবং আরো অনেক কিছু।
- "আপনি এছাড়াও আপনার নিজের ভিডিও বানাতে পারেন এবং সেগুলি YouTube-এ শেয়ার করতে পারেন"

## এর সুবিধাগুলিকে জীবনে নিয়ে আসুন!

YouTube কিভাবে আপনার, আপনার বন্ধু ও পরিবারের মানুষদের সহায়তা করেছে সে সংক্রান্ত নিজের গল্পটি বলুন। কিছু উদাহরণ হতে পারে:

- মিউজিক ও গান দেখা, একটি নতুন দক্ষতা শেখা, একটি দক্ষতাকে উন্নত করা, আপনার নিজের ভিডিও বানানো
- কিভাবে YouTube ব্যবহার করা যেতে পারে, সে সংক্রান্ত নির্দিষ্ট উদাহরণ বা গল্পগুলি বলুন

## YouTube-কে আপনার প্রশিক্ষনার্থীদের জন্য প্রাসঙ্গিক করে তুলুন

YouTube কিভাবে তাদের জীবনে কাজে আসতে পারে তা নিয়ে আপনার প্রশিক্ষনার্থীদের সাথে আলোচনা করুন:


- জিজ্ঞাসা করুন "আপনার নিজের জীবনে YouTube ব্যবহার করার সম্পর্কে আপনি কি শিখতে পেরেছেন?" তাদের আগ্রহের উপর ভিত্তি করে তাদেরকে কিছু পরামর্শ দিন
- জিজ্ঞাসা করুন "আপনি কোন জিনিসটি শেখার জন্য সবচেয়ে আগ্রহী এবং সবচেয়ে উত্তেজনা বোধ করছেন?"

**মনে রাখবেন:** ইন্টারনেট কিভাবে আপনার প্রশিক্ষনার্থীদের নিজেদের জীবনে সহায়ক বা কার্যকরী হতে পারে, তার সঙ্গে প্রশিক্ষণে আলোচনা ও কার্যক্রমগুলির যোগসূত্র স্থাপন করুন। এটি প্রশিক্ষণটিকে তাদের জন্য প্রাসঙ্গিক ও আগ্রহজনক করে তুলতে সহায়তা করবে।

# কার্যক্রম: YouTube-এর বুনিয়াদী ব্যবহার

## বাস্তব ব্যবহার!

**ব্যাখ্যা করুন** "আপনি এখন ফোনে YouTube ব্যবহার করতে চলেছেন।"




### 'কিভাবে YouTubeব্যবহার করবেন' পোস্টারটি দেখান

- **ব্যাখ্যা করুন** "এই পোস্টারটিতে YouTube ব্যবহার করে ভিডিও সন্ধান করার ধাপগুলি দেখানো হয়েছে"
- প্রশিক্ষনার্থীদেরকে তাদের ফোনগুলিতে একটি সহজ YouTube সন্ধানের ধাপগুলি প্রদর্শন করুন




### একটি জনপ্রিয় ভিডিওর ফলাফল পেজটি দেখান

- আপনার প্রশিক্ষনার্থীরা যা দেখছেন তা **ব্যাখ্যা করুন:**
- "উপরে যে ছবিটি রয়েছে তা হল ভিডিও - আপনি এটি চালানো বা থামানোর জন্য এর উপরে ট্যাপ করতে পারেন"
- "এটি হল এই ভিডিওটি মানুষ কতবার দেখেছে তার সংখ্যা এবং এটি কতটা জনপ্রিয় তার ইঙ্গিত দিতে পারে"
- থাম্ব বা বুড়ো আঙুল আইকনে ক্লিক করে আপনি 'লাইক' বা 'ডিজলাইক' করতে পারেন। প্রতিটির পাশে সংখ্যাটি নির্দেশ করে যে, কতজন মানুষ এটিকে পছন্দ বা অপছন্দ করেছেন"
- "এগুলি একই ধরণের অন্যান্য ভিডিওর লিঙ্ক যা আপনি চালাতে পারেন"
- "আপনি যখন স্ক্রল করে নীচে যাবেন, আপনি একটি 'কমেন্টস' বক্স দেখতে পাবেন, যেখানে মানুষ ভিডিওটি সম্পর্কে লিখিত মন্তব্য করেছেন। আপনি এখানে ভিডিওটি সম্পর্কে আপনার নিজের মন্তব্য যোগ করতে পারেন!"

**জিজ্ঞাসা করুন** "আপনি এখানে যা দেখতে পাচ্ছেন তা নিয়ে কি আপনার কোন প্রশ্ন আছে?"

# কার্যক্রম: YouTube-এর বুনিয়াদী ব্যবহার

## YouTube-এর জন্য মাইক্রোফোনটি ধরে রাখুন

- **ব্যাখ্যা করুন** যে "মাইক্রোফোনটি ব্যবহার করা যেতে পারে, যাতে আপনাকে কোন টেক্সট টাইপ করতে না হয়। আপনি যা সন্ধান করতে চাইছেন তা যদি বানান করতে বা লিখতে না পারেন, আপনি শুধু সন্ধানকারী শব্দগুলি YouTube-কে বলুন
- **দেখান তা কোথায় খুঁজতে হবে:** "সার্চ বক্সে ক্লিক করুন এবং ডানদিকে মাইক্রোফোন দেখা যাবে"
- **দেখান তা কিভাবে ব্যবহার করতে হবে:** "মাইক্রোফোন আইকনটিতে চাপ দিন এবং জোরে, স্পষ্টভাবে ও ধীরে বলুন"
- আপনার প্রশিক্ষনার্থীদেরকে মাইক্রোফোন ব্যবহার করে কিছু সন্ধান করতে **বলুন**

## আপনার প্রশিক্ষনার্থীদেরকে নীচের অনুশীলনীগুলি ব্যবহার করে সন্ধান করা অভ্যাস করতে বলুন:

1. YouTube সার্চ বক্সে একটি জনপ্রিয় স্থানীয় গানের নাম টাইপ করুন এবং সেটিকে চালান
2. সার্চ বক্সে স্থানীয় জনপ্রিয় একটি স্থানের নাম টাইপ করুন এবং সেটিকে চালান
3. আপনার প্রশিক্ষনার্থীদেরকে সার্চ বক্সে একটি শব্দ টাইপ করতে বলুন যা তাদের ক্ষেত্রে প্রাসঙ্গিক, যেমন 'রন্ধনপ্রণালী', 'চাকরী', 'চাষাবাদ' এবং ফলাফলগুলি চালান

## কার্যক্রম: একাধিক শব্দ সন্ধান

**ব্যাখ্যা করুন** যে "আমরা এখন একাধিক সন্ধানকারী শব্দ ব্যবহার করে আরো বিশদে একটি সন্ধান করার চেষ্টা করতে চলেছি - এটি আপনার কাঙ্খিত ভিডিওগুলি খুঁজে বের করতে সহায়ক হতে পারে" আপনার প্রশিক্ষনার্থীদেরকে YouTube সার্চ বক্সে দুই বা তিনটি শব্দকে বিভিন্নভাবে একসাথে ব্যবহার করে ভিডিওগুলি সন্ধানের অনুশীলন করতে **বলুন**। তারা মাইক্রোফোন ব্যবহার করে বা টেক্সটটি টাইপ করে তা করতে পারেন। আপনার প্রশিক্ষনার্থীদের বিভিন্ন শব্দ দিন যেগুলো তারা একসাথে ব্যবহার করতে পারে এবং যার উপর ভিত্তি করে তারা এর আগে সন্ধান করেছিল। উদাহরণস্বরূপ:

- 'আফ্রিকা', 'নতুন", গান'
- 'প্রিমিয়ার লীগ', 'সেরা', 'গোলগুলি'

**পরামর্শ:** আপনার প্রশিক্ষনার্থীদেরকে বিভিন্ন ফলাফলগুলি ও বিভিন্ন শব্দের সম্মিলনগুলি খতিয়ে দেখার জন্য প্রচুর সময় দিন।

## কার্যক্রম: ব্যক্তিগত সন্ধান

YouTube কিভাবে তাদের নিজেদের জীবনে সহায়তা করতে পারে, তা নিয়ে আপনার প্রশিক্ষনার্থীদের সাথে **আলোচনা করুন**

- **জিজ্ঞাসা করুন** "এখন আপনি জেনে গিয়েছেন YouTube কিভাবে ব্যবহার করতে হয়, আপনি আপনার নিজের জীবনে সেটিকে কিভাবে ব্যবহার করতে চান?" তাদের আগ্রহের উপর ভিত্তি করে তাদেরকে কিছু পরামর্শ দিন
- আপনার প্রশিক্ষনার্থীদের সাথে **আলোচনা করুন** যে তারা তাদের আগ্রহ অনুযায়ী কোন শব্দগুলিকে সন্ধানের জন্য ব্যবহার করতে পারেন (আপনার সন্ধানকারী শব্দের সুপারিশগুলিকে সহজ রাখুন এবং শুধুমাত্র 1-2টি শব্দ ব্যবহার করুন))
- প্রত্যেক প্রশিক্ষনার্থীকে পালাক্রমে ফোন ব্যবহার করে তাদের আগ্রহের ভিডিওগুলি সন্ধান করতে এবং অন্য প্রশিক্ষনার্থীদেরকে তাদের এই ব্যাপারে সহায়তা করতে **বলুন**।
- **জিজ্ঞাসা করুন** "আপনি এরপর কোন ভিডিওগুলি সন্ধান করতে চাইছেন?"

**পরামর্শ:** "ইন্টারনেটে বিশাল পরিমাণে দারুণ সব তথ্য রয়েছে, তবে এছাড়াও কিছু তথ্য রয়েছে যা ততটা ভাল নয় এবং কিছু তথ্য রয়েছে যা সত্য নয়। আপনি যা খুঁজছেন তার সেরা উত্তরটি পেতে সবসময় 2-3টি ফলাফল দেখে নিলে সবচেয়ে ভাল হয়।"

# রক্ষা

**জিজ্ঞাসা করুন** "আপনার কাছে সুরক্ষার অর্থ কি?"

**প্রশিক্ষনার্থীদের কল্পনা করতে বলুন যে,** তারা বাজারের **মত একটি সাধারণ সর্বজনীন স্থানে রয়েছেন।** তাদেরকে এটি নিয়ে আলোচনা করতে বলুন যে, তারা এই জায়গাতে নিরাপদ থাকার জন্য কী করবেন। তাদেরকে নীচের প্রশ্ন ও উত্তরগুলি পড়ে শোনান:

| পড়ে শোনান | সম্ভাব্য উত্তরগুলি |
|---|---|
| আপনার অপরিচিত কোন ব্যক্তি যদি আপনাকে বিরক্ত করে, তাহলে আপনি কি করবেন | আপনি তাদের এড়িয়ে চলবেন বা উপেক্ষা করবেন সতর্ক থাকুন - তারা যা বলে সবসময় তারা তা নাও হতে পারে |
| আপনার পরিচিত বা বিশ্বস্ত নয় এরকম কেউ যদি আপনার ব্যক্তিগত তথ্য চায় তাহলে আপনি কি করবেন? | যাকে আপনি চেনেন না বা ভরসা করেন না এমন কাউকে আপনার ব্যক্তিগত তথ্য দেবেন না, কারণ তারা সেগুলির অপব্যবহার করতে পারে |
| আপনার দেখা বা সম্মুখীন হওয়া কোন কিছু নিয়ে আপনি অনিশ্চিত বা অস্বচ্ছন্দ হলে আপনি কি করবেন? | আপনার চেনাজানা ও বিশ্বস্ত কাউকে বলুন কি ঘটেছে |
| আপনি যাদের সাথে পারস্পরিক ভাববিনিময় করেন, তাদের সাথে আপনি কি রকম ব্যবহার করেন | আপনি মানুষের সাথে ভদ্র ও সম্মানপূর্ণ আচরণ করেন |

**ব্যাখ্যা করুন** "এটি মনে রাখা জরুরি যে ইন্টারনেট একটি সর্বজনীন জায়গা এবং এটিকে একটি সর্বজনীন জায়গার মত বিবেচনা করা ও নিরাপদ থাকা গুরুত্বপূর্ণ।"


# রক্ষা




আপনার প্রশিক্ষনার্থীদেরকে 'সুরক্ষা সংক্রান্ত পরামর্শগুলি' সংক্রান্ত পুস্তিকাটি **দিন**।

- ইন্টারনেট ব্যবহার করার ক্ষেত্রে এই সহায়ক তথ্যগুলির মানে কি হতে পারে তা নিয়ে আপনার প্রশিক্ষনার্থীদের সাথে **আলোচনা করুন**
- আপনার প্রশিক্ষনার্থীদের কাছে প্রাসঙ্গিক হবে এরকম উদাহরণগুলি ব্যবহার করে এই সহায়ক তথ্যগুলিকে **জীবনের সাথে সম্পর্কিত করুন**। উদাহরণস্বরূপ, হয়রানি কিভাবে প্রতিরোধ করা যায় তা নিয়ে মেয়েরা বেশি চিন্তিত হতে পারে

## YouTube সুরক্ষা




- **জিজ্ঞাসা করুন** "YouTube ব্যবহারের ক্ষেত্রে এরকম কিছু কি রয়েছে যা নিয়ে আপনি চিন্তিত?"
- **জিজ্ঞাসা করুন** "আপনি যখন YouTube-এ ভিডিওগুলি দেখেন এবং কোনো ভিডিওকে আপনার খারাপ বা আপত্তিকর মনে হলে আপনি তারপর কি করতে পারেন?"
- **আপনার প্রশিক্ষণার্থীদের জন্য ব্যাখ্যা করুন ও বর্ণনা করুন যে** "আপনি ব্যাক বাটনটি চাপতে পারেন, আপনার সার্চ বক্সের শব্দগুলি মুছে দিতে পারেন এবং ভিন্ন শব্দ ব্যবহার করে আপনার সন্ধানকে সংশোধন করতে পারেন"

**পরামর্শ:** "আপনি যা সন্ধান করবেন তার নিয়ন্ত্রণ আপনার হাতেই রয়েছে, আপনি ভাল জিনিসও সন্ধান করতে পারেন বা আপনি খারাপ জিনিসও সন্ধান করতে পারেন। ভাল জিনিসগুলি সন্ধান করা আপনার দায়িত্ব।"

# $ খরচ

**ব্যাখ্যা করুন** আপনি এখন জানেন YouTube কিভাবে ব্যবহার করতে হয় এবং এটি কিসের জন্য ব্যবহার করা হয়, চলুন এবার এটি ব্যবহার করতে কত খরচ হয় তা নিয়ে কথা বলা যাক! আপনার মোবাইলে ইন্টারনেট ব্যবহার করতে হলে, আপনাকে আপনার মোবাইল নেটওয়ার্ক সেবা প্রদানকারীর কাছ থেকে ডেটা কিনতে হবে, যে রকম আপনি ফোন ক্রেডিটের জন্য কিনে থাকেন।"

---




## 'খরচ' পোস্টারটি দেখান

- **ব্যাখ্যা করুন** "বিভিন্ন কার্যক্রমে বিভিন্ন পরিমাণ ডেটা ব্যবহৃত হয়। টেক্সট দেখলে সবচেয়ে কম ডেটা ব্যবহৃত হয়, ছবি দেখলে তার চেয়ে বেশি, গান চালালে বা ডাউনলোড করলে তার চেয়ে সামান্য বেশি এবং ভিডিও চালালে সবচেয়ে বেশি ডেটা খরচ হয়।
- **ব্যাখ্যা করুন** "কিছু ইন্টারনেট সেবাতে এমন কার্যক্রমগুলি জড়িত থাকে যেখানে বেশি ডেটা ব্যবহার হয়"
- **জিজ্ঞাসা করুন** "কোন সেবা ব্যবহার করার ক্ষেত্রে বেশি খরচ হয়?" উত্তর YouTube। YouTube-এ ভিডিও দেখলে প্রচুর পরিমাণে ডেটা খরচ হওয়ার সম্ভাবনা থাকে"

---

## ডেটা যাচাই করা

- **জিজ্ঞাসা করুন** "আপনি কি পরিমাণ ডেটা ব্যবহার করেছেন তা যাচাই করা সহায়ক হয় কেন?" **উত্তর** "আপনার ডেটার কতটা অংশ আপনি ব্যবহার করেছেন এবং বিভিন্ন কাজে কতটা ডেটা খরচ হয় তা বোঝা"
- **ব্যাখ্যা করুন** "আপনি আপনার মোবাইল নেটওয়ার্ক থেকে আপনার ফোনে একটি কোড টাইপ করে যাচাই করতে পারেন যে, আপনার কাছে কতটা ডেটা রয়েছে, যেরকম আপনি যাচাই করেন যে, কত মিনিট বা কতগুলি টেক্সট আপনার বাকি রয়েছে।"
- **ব্যাখ্যা করুন** "আপনি কি রকম ভাবে ইন্টারনেট ব্যবহার করবেন তার উপর নির্ভর করে আপনি বিভিন্ন পরিমাণে ডেটা কিনতে পারেন। কোন পরিমাণটি আপনার জন্য সবচেয়ে উপযুক্ত হবে সে ব্যাপারে আপনার স্থানীয় মোবাইল এজেন্টের পরামর্শ নিন"
- **ব্যাখ্যা করুন** "আপনি যদি একটি Wi-Fi অঞ্চলে ইন্টারনেটে প্রবেশ করেন, তাহলে আপনার ডেটা প্যাকেজ ব্যবহার হবে না। আপনার স্থানীয় মোবাইল এজেন্ট আপনাকে আপনার স্থানীয় Wi-Fi অঞ্চলগুলি খুঁজে বের করতে সহায়তা করতে পারেন। তবে সবচেয়ে কাছাকাছি অঞ্চলটিও আপনার যাওয়ার পক্ষে বেশ দূরে হতে পারে" **ব্যাখ্যা করুন** "আপনি যদি একটি
- কিভাবে ডেটা যাচাই করতে হবে তা প্রশিক্ষনার্থীদের **প্রদর্শন করুন**

**পরামর্শ:** ডেটা যাচাই করার প্রক্রিয়াটি এর উপর নির্ভর করে যে, আপনি কোন দেশে আছেন এবং কোন নেটওয়ার্কে ফোনটি চালু রয়েছে। ডেটা যাচাই করা নিয়ে সহায়তার প্রয়োজন হলে একজন মোবাইল এজেন্টকে জিজ্ঞাসা করুন।

# পুনরাবৃত্তি



## YouTube আইকন গেমটি খেলুন

- একবারে একটি করে প্রতিটি YouTube আইকন **ধরে রাখুন**
- **জিজ্ঞাসা করুন** "ফোনে এটি কোথায় রয়েছে এবং এটি কি?"
- প্রশিক্ষনার্থীদের সহায়তার প্রয়োজন হলে **ব্যাখ্যা করুন** প্রতিটি আইকন কি।
- ক উত্তরগুলির জন্য **ছোট ছোট পুরস্কার দিন** (যেমন চকলেট) এবং আইকনগুলিকে দেয়ালে লাগিয়ে দিন, যাতে সেগুলি কি ছিল তা প্রশিক্ষনার্থীরা পরে মনে করতে পারেন

**ব্যাখ্যা করুন:** YouTube এর মতো অন্য সেবা আছে যেগুলি মানুষকে ভিডিও আপলোড করা ও দেখার অনুমতি দেয়। এর কিছু উদাহরণ হল Daily Motion ও Vimeo।

**পরামর্শ:** "ইন্টারনেটের অ্যাপ্লিকেশন ও সেবাগুলি একই ধরণের আইকন ও শব্দগুলি ব্যবহার করে। আপনি ইন্টারনেট ব্যবহার করার সময় এই আইকনগুলির দিকে নজর রাখুন, যাতে এর পরের বার এগুলি দেখলে আপনি এর মানে মনে করতে পারেন।"

## YouTube সংক্রান্ত পুনরাবৃত্তি

তারা YouTube ব্যবহার করা সম্পর্কে কি শিখেছেন তা নিয়ে আপনার প্রশিক্ষনার্থীদের সাথে **আলোচনা করুন:**

- YouTube ব্যবহার করা সম্পর্কে আপনি কি শিখেছেন?"
- "এর সাথে টিভি দেখার কি পার্থক্য রয়েছে?", "আপনি YouTube দিয়ে কি করতে পারেন যা আপনি টিভি দিয়ে করতে পারেন না?"
- "YouTubeব্যবহার করা নিয়ে আপনার কি এখনও কোন উদ্বেগ রয়েছে?"
- "আপনি এটিকে আপনার ব্যক্তিগত কোন কাজে ব্যবহার করতে পারেন?", "আপনি এটিকে আপনার কোন পেশাদার কাজে ব্যবহার করতে পারেন?"
- "আপনি আপনার নিজের জীবনে YouTube কিভাবে ব্যবহার করতে চান? আপনি এটি ব্যবহার করার ব্যাপারে কি নিয়ে সবচেয়ে আগ্রহ ও উৎসাহ বোধ করেন?"

**পরামর্শ:**
পুনরাবৃত্তিটিকে একটি কুইজ হিসেবে পরিচালনা করুন এবং প্রশিক্ষনার্থীদের খেলার জন্য পুরস্কার দিন (যেমন, চকলেট)।

# পুনরাবৃত্তি

**পরামর্শ:** "YouTube ভিডিও খোঁজার একটি দারুণ জায়গা, তবে ইন্টারনেটে প্রচুর পরিমাণ তথ্য রয়েছে যা ভিডিও নয় এবং তা YouTube-এর মাধ্যমে অ্যাক্সেস করা যায় না। ইন্টারনেট YouTube-এর তুলনায় অনেক বড় জায়গা! অন্য যে ভাবে তথ্য পাওয়া যেতে পারে তা হল Google Search-এর মাধ্যমে।"

**পরামর্শ:** প্রশিক্ষনার্থীরা যদি নিজেদের ফোনে ইন্টারনেট ও YouTube অ্যাক্সেস করতে চান, সেক্ষেত্রে তারা যা শিখেছেন তা অনুশীলনের জন্য তাদেরকে কিছুটা সময় দিন এবং সহায়তা ও উৎসাহ দিন।

## পরের পর্যায়ে যাওয়া

আপনি যদি সেশনের শেষে এসে পৌঁছান এবং এখনও আপনার কাছে অতিরিক্ত সময় থাকে:


- **জিজ্ঞাসা করুন** "আমরা এই সেশনে যা শিখেছি সে সম্পর্কে আপনার কি আর কোন প্রশ্ন আছে?"
- **জিজ্ঞাসা করুন** "মোবাইল ইন্টারনেট সম্পর্কে তারা আর কি কি জানতে চান?"

---


প্রশিক্ষনার্থীদের সাথে আরো কিছু উন্নত বৈশিষ্ট্য নিয়ে আলোচনা করতে পারেন, যার মধ্যে রয়েছে:

- **ফলাফলের মূল্যায়ন করা:** "সন্ধানের ফলাফল পেজে কোন ভিডিওটি নির্বাচন করবেন সেই সিদ্ধান্ত আপনি কিভাবে নেন? আপনি কিভাবে বোঝেন যে একটি পছন্দ অন্যটির চেয়ে ভালো?"
- **ভিডিওগুলি তৈরি করা:** "আপনি এছাড়াও নিজে ভিডিও বানাতে পারেন এবং সেগুলি YouTube-এ শেয়ার করতে পারেন"
- **ভিডিওগুলি শেয়ার করা:** "আপনি যদি নিজের YouTube ভিডিওগুলি শেয়ার করতে পারেন, তাহলে আপনি কোনগুলি শেয়ার করবেন?"
- অ্যাপ স্টোর থেকে **অ্যাপগুলি ডাউনলোড করা** (আপনাকে ইমেল নিয়েও আলোচনা করতে হবে, কারণ অ্যাপ ডাউনলোড করার জন্য ই-মেল থাকতে হবে)

# পোস্টার
# কাট-আউট
# ও তথ্যপত্র









কিভাবে ব্যবহার করতে হয়

# YouTube





# সার্টিফিকেট

মোবাইল ইন্টারনেটের মৌলিক দক্ষতা
প্রশিক্ষণ সম্পূর্ণ করেছেন

তারিখ

স্বাক্ষরিত



# সার্টিফিকেট

মোবাইল ইন্টারনেটের মৌলিক দক্ষতা
প্রশিক্ষণ সম্পূর্ণ করেছেন

তারিখ

স্বাক্ষরিত